FEB. 09 2002

ভোরের কাগজ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৯ কলাম ...২...

# ছাত্রদল-শিবিরের কোন্দলে চট্টগ্রাম বিআইটির নির্বাচন স্থগিত

চট্টগ্রাম অফিস : ছাত্রদল ও শিবিরের কোন্দলের জের ধরে বিআইটি চট্টগ্রামের ছাত্র সংসদ নির্বাচন (বিটেকসু) স্থগিত করা হয়েছে। গত বৃহস্পতিবার এই নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও বিআইটি প্রশাসন বুধবার রাতে বিজ্ঞপ্তির মাধ্যমে নির্বাচন স্থগিত ঘোষণা করে। তবে এই নির্বাচনে ছাত্রদল ও শিবির ছাড়া আর কোনো ছাত্র সংগঠন অংশ নেয়নি। পরিবেশ না থাকায় বাকি সংগঠনগুলো নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা থেকে নিজেদেরকে বিরত রাখে।

এদিকে জাতীয়তাবাদী ছাত্রদল, বিআইটি শাখা আয়োজিত এক সংবাদ সম্মেলনে বিটেকসু নির্বাচন স্থগিত করার প্রতিবাদ জানিয়ে বলেছে, নির্বাচনে অংশগ্রহণকারী ছাত্রশিবির প্রথম থেকেই নির্বাচনে আসন না পাওয়ার আশঙ্কায় ছাত্রদলের সঙ্গে কোয়ালিশনের প্রস্তাব দেয়। ছাত্রদল এই প্রস্তাব নাকচ করে দিলে তারা বিভিন্নভাবে নির্বাচন বানচালের জন্য তৎপর হয়ে ওঠে। উক্ত তৎপরতার অংশ হিসেবে গত মঙ্গলবারের প্যানেল পরিচিতি সভায় শিবির ছাত্রদলের নেতা সম্পর্কে উস্কানিমূলক বক্তব্য রাখে। ছাত্রদল অভিযোগ করে শিবির ঐ সভায় বলেছে, 'ছাত্রশিবির পারে না এমন কোনো কাজ নেই। এটা রাউজান, জানের বদলে জান।' তাদের সকল প্রচেষ্টা বৃথা হলে উপরিমহলের' সহযোগিতায় প্রশাসনের মাধ্যমে নির্বাচন স্থগিত করে বলে ছাত্রদল 'সংবাদ সম্মেলনে আশঙ্কা প্রকাশ করে।

নেতৃবৃন্দ আগামী দুই দিনের মধ্যে বিটেকসু নির্বাচনের দাবি জানিয়ে বলেন, অন্যথায় ক্যাম্পাসসহ চট্টগ্রাম শহরে কঠিন কর্মসূচি দিতে বাধ্য হবো।

সংবাদ সম্মেলনে বক্তব্য পাঠ করেন বিআইটি, ছাত্রদল সভাপতি সিরাজুল ইসলাম। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় ছাত্রদল সহসম্পাদক শওকত আজম খাজা, রাউজান ছাত্রদল সভাপতি শেখ মোঃ জসিম, বিআইটি ছাত্রদল নেতা আনিছুর রহমান মুরাদ, শফিউল আজম প্রমুখ।